সংযুক্তি-১

## ১০-০৩-২০২০খ্রি. সকাল ১১.০০ টায় অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণীঃ

সভাপতিঃ মোঃ মোস্তফা কামাল, পরিচালক (প্রশাসন), পেট্রোবাংলা ও সভাপতি, পেট্রোবাংলা নৈতিকতা কমিটি।
সভার তারিখঃ ১০-০৩-২০২০খ্রি.
সভার সময়ঃ বেলা ১১.০০ টা
স্থানঃ পেট্রোবাংলা কনফারেন্স রুম।
উপস্থিতিঃ তালিকা সংযুক্ত।

সভার সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় চলতি অর্থবছরের (২০১৯-২০২০) ৩য় কোয়ার্টারে পেট্রোবাংলা নৈতিকতা কমিটি শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার গৃহীত লক্ষ্যমাত্রাসমূহের বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী নির্ধারিত সময়সীমার মধ্যে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট দপ্তর/কোম্পানি প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে। | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী নির্ধারিত সময়সীমার মধ্যে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট দপ্তর/কোম্পানি প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করার বিষয়ে আলোচনা হয়। | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী নির্ধারিত সময়সীমার মধ্যে সকল কার্য সম্পন্ন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | পেট্রোবাংলা ও সকল কোম্পানি |
| ২ | চলতি অর্থবছরে (২০১৯-২০) শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার অগ্রগতির প্রতিবেদন নির্ধারিত সময়সীমার মধ্যে পেট্রোবাংলা/মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | চলতি অর্থবছরে (২০১৯-২০) শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার অগ্রগতির প্রতিবেদন নির্ধারিত সময়সীমার মধ্যে পেট্রোবাংলা/মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে পরিচালক উপস্থিত পেট্রোবাংলা ও সকল কোম্পানির কর্মকর্তাদের সাথে আলোচনা করেন। | চলতি অর্থবছরে (২০১৯-২০) শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার অগ্রগতির প্রতিবেদন নির্ধারিত সময়সীমার মধ্যে পেট্রোবাংলা/মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | পেট্রোবাংলা ও সকল কোম্পানি |
| ৩ | সংস্থা ও কোম্পানিতে কর্মরত জনবলের ৬০ কর্মঘন্টার প্রশিক্ষণ যথাযথভাবে বাস্তবায়নার্থে চাকরি বিধি, সুশাসন সংক্রান্ত সরকারের গৃহীত উদ্যোগসমূহের বিষয়ে ইন-হাউজ ট্রেনিংয়ের সংখ্যা বৃদ্ধি এবং বিভাগভিত্তিক কর্মকর্তা-কর্মচারিদের উপস্থিতিতে বিভাগীয় প্রধানের সঞ্চালনে বিভাগীয় প্রশিক্ষণের আয়োজন করতে হবে এবং প্রশিক্ষণ সংক্রান্ত তথ্যাদি প্রশিক্ষণ/সংশ্লিষ্ট দপ্তরকে লিখিতভাবে অবহিত করতে হবে। | সংস্থা ও কোম্পানিতে কর্মরত জনবলের ৬০ কর্মঘন্টার প্রশিক্ষণ যথাযথভাবে বাস্তবায়নার্থে চাকরি বিধি, সুশাসন সংক্রান্ত সরকারের গৃহীত উদ্যোগসমূহের বিষয়ে ইন-হাউজ ট্রেনিংয়ে সরকারের নির্বাচনী ইস্তেহারে সংশ্লিষ্ট জ্বালানি ভিত্তিক প্রতিশ্রুতি, SDG-7 লক্ষ্যমাত্রা,মামলা মোকদ্দমা সংক্রান্ত আদালতের পর্যবেক্ষণ, সংস্থা/ প্রতিষ্ঠানের বোর্ড এর সক্ষমতা বিষয়ে বিভাগভিত্তিক কর্মকর্তা-কর্মচারিদের উপস্থিতিতে বিভাগীয় প্রধানের সঞ্চালনে বিভাগীয় প্রশিক্ষণের আয়োজন করতে হবে এবং প্রশিক্ষণ সংক্রান্ত তথ্যাদি প্রশিক্ষণ/সংশ্লিষ্ট দপ্তরকে লিখিতভাবে অবহিত করতে হবে। স্থানীয় প্রশিক্ষণের বিষয়ে পেট্রোবাংলাকে লিখিতভাবে অবহিত করতে হবে। | চাকরি বিধি, সুশাসন সংক্রান্ত সরকারের গৃহীত উদ্যোগসমূহের বিষয়ে ইন-হাউজ ট্রেনিংয়ে সরকারের নির্বাচনী ইস্তেহারে সংশ্লিষ্ট জ্বালানি ভিত্তিক প্রতিশ্রুতি, SDG-7 লক্ষ্যমাত্রা,মামলা মোকদ্দমা সংক্রান্ত আদালতের পর্যবেক্ষণ, সংস্থা/ প্রতিষ্ঠানের বোর্ড এর সক্ষমতা বিষয়ে বিভাগভিত্তিক কর্মকর্তা-কর্মচারিদের উপস্থিতিতে বিভাগীয় প্রশিক্ষণের আয়োজন করতে হবে এবং প্রশিক্ষণ সংক্রান্ত তথ্যাদি পেট্রোবাংলার নৈতিকতা কমিটি, প্রশিক্ষণ/সংশ্লিষ্ট দপ্তরকে লিখিতভাবে অবহিত করতে হবে। | পেট্রোবাংলা সকল কোম্পা |
| ৪ | ই-টেন্ডার কার্য সুষ্ঠুভাবে ও যথাসময়ে সম্পাদনের জন্য সংশ্লিষ্ট দপ্তরকে পত্র মারফত অবহিত করতে হবে। অপ্রয়োজনীয় নথি বিনষ্ট করার লক্ষ্যে কমিটি গঠন করে প্রয়োজনীয় বাজেট বরাদ্দ করত: যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণপূর্বক বিনষ্ট কার্য সম্পাদনের উদ্যোগ গ্রহণ করতে হবে। | পেট্রোবাংলার ক্রয় শাখা যথাসময়ে ২টি ই-টেন্ডারিং সম্পূর্ণ করেছে। তাছাড়া, কোম্পানিসমূহ যথাসময়ে ই-টেন্ডারিং সম্পন্ন করবে।<br><br>অপ্রয়োজনীয় নথি বিনষ্ট করার বিষয়ে সভায় জিটিসিএল এবং বিজিএফসিএল নথি বিনষ্টীকরণ কার্যক্রম শুরু করেছে বলে অবহিত করেছে। পেট্রোবাংলা এবং অন্যান্য কোম্পানি নথি বিনষ্টীকরণের জন্য দ্রুত পদক্ষেপ গ্রহণ করবে বলে সভায় জানিয়েছে। | পেট্রোবাংলার অধীনস্থ সকল কোম্পানিকে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে। | সকল কোম্পানি |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫ | বিজিএফসিএল সততা স্টোর স্থাপনের কাজ যথাসময়ে সম্পাদনের বিষয়ে গুরুত্বারোপ করবে। | সভায় বিজিএফসিএল প্রতিনিধি জানিয়েছে যে, বিজিএফসিএল ইতোমধ্যে বিজিএফসিএল কর্তৃক পরিচালিত নিজস্ব স্কুলে সততা স্টোর স্থাপন করা হয়েছে। সভায় অন্যান্য যে সব প্রতিষ্ঠানে স্কুল রয়েছে সেসব প্রতিষ্ঠানের স্কুলেও সততা স্টোর স্থাপন করার জন্য অনুরোধ জানানো হয়। | বিজিডিসিএল এবং জেজিটিডিএসএল যেখানে স্কুল রয়েছে সেখানেও সততা স্টোর স্থাপন করতে হবে। | বিজিডিসিএল, জেজিটিডিএসএল |
| ৬ | সংস্থা ও কোম্পানিসমূহ হতে দৈনিক পত্রিকায় যেসব বিজ্ঞপ্তি, বিজ্ঞাপন ইত্যাদি দেয়া হয়, সেখানে দুর্নীতি বিরোধী ছড়া, নীতিকথা, নীতিবাক্য ইত্যাদি প্রকাশের বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | এনআইএস কমিটির উদ্যোগে দুর্নীতি বিরোধী কয়েকটি শ্লোগান বিভিন্ন পত্র পত্রিকায় বিজ্ঞপ্তি, বিজ্ঞাপনের সাথে প্রচারের জন্য পেট্রোবাংলার জনসংযোগ শাখায় কর্তৃপক্ষের অনুমোদনপূর্বক প্রেরণ করা হয়েছে। | পেট্রোবাংলায় জনসংযোগ শাখার মাধ্যমে বিভিন্ন পত্র পত্রিকায় বিজ্ঞাপনন প্রচারের সময় দুর্নীতি বিরোধী শ্লোগান প্রচার করতে হবে। | পেট্রোবাংলা ও সকল কোম্পানি |
| ৭ | বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লি: তার প্রধান কার্যালয়ে ডিসেম্বর ২০১৯ মাসে শুদ্ধাচার বিষয়ে একটি কর্মশালা/সভার আয়োজনের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে। | বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি তাদের প্রধান কার্যালয়ে ৩য় কোয়ার্টারে শুদ্ধাচার বিষয়ে একটি কর্মশালা/সভার আয়োজনের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে বলে আলোচনা হয়। তাছাড়া পিজিসিএলও ৪র্থ কোয়ার্টারে শুদ্ধাচার বিষয়ে একটি কর্মশালা আয়োজন করবে বলে সভাকে অবহিত করেন। | বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি এবং পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানি লিঃ আলাদা আলাদা ৪র্থ কোয়ার্টারে কর্মশালা/সভা আয়োজন করবে। | বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি এবং পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানি লিঃ |
| ৮ | মেয়াদ উত্তীর্ণ যানবাহনগুলো প্রতিস্থাপন করা এবং ব্যবহারোপযোগী নয় সেগুলো অকশনে নেয়া প্রসংগে | মেয়াদ উত্তীর্ণ যানবাহনগুলো প্রতিস্থাপন করা এবং ব্যবহারোপযোগী নয় সেগুলো অকশনে নেয়া যেতে পারে। পরিবর্তে যাতায়াতের জন্য নতুন যানবাহন ক্রয় করা যেতে পারে। | পেট্রোবাংলা ও এর অধীনস্থ সকল কোম্পানিকে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে। | পেট্রোবাংলা ও সকল কোম্পানি |
| ৯ | মুজিববর্ষের শ্লোগানগুলো প্রচারের ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে | মুজিববর্ষের শ্লোগানগুলো প্রচারের ব্যবস্থা গ্রহণের বিষয়ে পরিচালক( প্রশাসন) সভায় উপস্থিত সবাইকে অবহিত করেন। | পেট্রোবাংলা ও এর অধীনস্থ সকল কোম্পানিকে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে। | পেট্রোবাংলা ও সকল কোম্পানি |

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ মোস্তফা কামাল)
পরিচালক (প্রশাসন), পেট্রোবাংলা ও
সভাপতি, পেট্রোবাংলা নৈতিকতা কমিটি

বিতরণঃ

০১। ব্যবস্থাপনা পরিচালকঃ
০২। পেট্রোবাংলার সংশ্লিষ্ট বিভাগ/ডিপার্টমেন্ট/শাখাঃ
০৩। পেট্রোবাংলা নৈতিকতা কমিটির সদস্যবৃন্দঃ

অনুলিপিঃ

০১। ব্যবস্থাপক (সমন্বয়), চেয়ারম্যান শাখা, পেট্রোবাংলা।
০২। সহকারি ব্যবস্থাপক/পিএ-টু-পরিচালক ( ), পেট্রোবাংলা।
০৩। অফিস কপি।